রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ১০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ জুন ২০১৫ খ্রিস্টাব্দ/২১ জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ

**এস, আর, ও নং ১১৪-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা সড়ক ও জনপথ অধিদপ্তরের (নন-ক্যাডার গেজেটেড এবং নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;


**মূল্য ঃ** টাকা ৩০.০০

(ছ) ''স্বীকৃত ইন্সটিটিউট'' বা ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃত বোর্ড'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইন্সটিটিউট বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিত কোন পদে নিয়োগ করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণীর পদে এবং ৩য় বা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতিত নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশী**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ হিসাবে—

(ক) সরকারী নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে ২(দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১(এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশীর মেয়াদ এক বা একাধিকবারে এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে−

(ক) Arboriculturists (Roads & Highways Department) Recruitment Rules, 1979;

(খ) The Non-Gazetted Staff (Roads & Highways Department) Recruitment Rules, 1983; এবং

(গ) Roads & Highways Department (Gazetted and Non-Gazetted Employees) Recruitment Rules, 1984,—

অতঃপর রহিত বিধিমালাসমূহ বলিয়া উল্লিখিত, এতদদ্বারা রহিত হইবে।

(২) রহিত বিধিমালাসমূহের অধীন নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগ প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৩) রহিত বিধিমালাসমূহের অধীন গৃহীত বা কৃত কার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত কার্য বলিয়া গণ্য হইবে।

(৪) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, এই বিধিমালা জারীর অব্যবহিত পূর্বে রহিতকৃত বিধিমালাসমূহের অধীন কোন কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

**(বিধি ২(খ) দ্রষ্টব্য)**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | প্রধান বৃক্ষপালনবিদ | - | পদোন্নতির মাধ্যমে। | নির্বাহী বৃক্ষপালনবিদ পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর চাকুরীতে অন্যূন ২০(বিশ) বৎসরের চাকুরী। |
| ২. | সিনিয়র ইকোনোমিষ্ট | - | পদোন্নতির মাধ্যমে। | ইকনোমিষ্ট পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৩. | পরিচালক, নিরীক্ষা ও হিসাব | - | প্রেষণে বদলীর মাধ্যমে। | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সি,এ,জি) কর্তৃক সমপদ মর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ৪. | সিষ্টেম এনালিষ্ট | অনূর্ধ্ব ৪০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>প্রোগ্রামার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985. অনুযায়ী। |
| ৫. | ইকনোমিষ্ট | অনূর্ধ্ব ৩৫ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ট্রাফিক সার্ভে কর্মকর্তা বা গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যান এ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) অর্থনৈতিক পরিকল্পনা প্রনয়ণ এবং অর্থনৈতিক গবেষণায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬. | নির্বাহী বৃক্ষপালনবিদ | - | পদোন্নতির মাধ্যমে। | উপ-বিভাগীয় বৃক্ষপালনবিদ পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৭. | উপ-পরিচালক (নিরাপত্তা) | অনূর্ধ্ব ৪০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) সহকারী পরিচালক (নিরাপত্তা) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রীসহ নিম্নবর্ণিত প্রশিক্ষণসমূহ থাকিতে হইবে, যথাঃ—<br>(অ) National Security Intilligence (NSI) ট্রেনিং স্কুল হইতে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন।<br>(আ) Bangladesh Fire Service and Civil Defence Academy হইতে অফিসার্স কোর্স অপারেশন কন্ট্রোল বা বহনযোগ্য রাসায়নিক অগ্নিনির্বাপক কোর্স।<br>(ই) Civil Defence Academy হইতে উদ্ধার বা আহত সেবা বা ওয়ার্ডেন কোর্স সম্পন্ন।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রীসহ নিম্নবর্ণিত প্রশিক্ষণসমূহ থাকিতে হইবে, যথাঃ-<br>(ক) National Security Intilligence (NSI) ট্রেনিং স্কুল হইতে জুনিয়র অফিসার্স কাউন্টার সাবোটার্স কোর্স; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | Bangladesh Fire Service and Civil Defence Academy হইতে—<br>(১) উদ্ধার বিষয়ে স্পেশালিষ্ট ইন্সট্রাকটর কোর্স; অথবা<br>(২) ক্যাজুয়ালটি বা ওয়ার্ডেন বা কল্যাণ এ স্পেশালিষ্ট ইন্সট্রাকটর কোর্স; অথবা<br>(৩) অফিসার্স কোর্স অপারেশন কন্ট্রোল প্রশিক্ষণ; অথবা<br>(৪) বহনযোগ্য রাসায়নিক অগ্নিনির্বাপক কোর্স;<br>(খ) সরকারী বা আধা-সরকারী সংস্থার অধীন যে কোন প্রশাসনিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। তন্মধ্যে ২য় শ্রেণীর পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৮. | প্রোগ্রামার | অনূর্ধ্ব ৪০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, ১৯৮৫ অনুযায়ী। |
| ৯. | উপ-বিভাগীয় বৃক্ষপালনবিদ | - | পদোন্নতি মাধ্যমে। | সহকারী বৃক্ষপালনবিদ পদে অনূন্য ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১০. | সহকারী বৃক্ষপালনবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে (পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণের বদলীর মাধ্যমে);<br>৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ৩(তিন) বৎসর মেয়াদী কৃষি ডিপ্লোমাসহ আরবরিকালচার সেকশনাল অফিসার পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষিবিজ্ঞান বা অরণ্যবিদ্যায় (Forestry) ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১. | সহকারী পরিচালক (নিরাপত্তা) | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র সিকিউরিটি অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী অথবা সিকিউরিটি অফিসার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী। |
| ১২. | ট্রাফিক সার্ভে কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যানে ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৩. | টেবুলেটিং পরিসংখ্যানবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যানে ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান থাকিতে হইবে। |
| ১৪. | পরিসংখ্যানবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যানে ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৫. | সহকারী প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(১) কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১২(বার) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী অথবা ডাটা এন্ট্রি/কন্ট্রোল কাজে অন্যূন ১০(দশ) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে।<br>(২) প্রোগ্রামিং এর ষ্ট্যান্ডার্ড এ্যাপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।<br>(৩) "COBOL" "RORTRAN" ও "BASIC" ইত্যাদি বা অনুরূপ উচ্চতর কম্পিউটারের ভাষায় প্রশিক্ষণ থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬. | গবেষণা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যানে ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৭. | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান বা ব্যবস্থাপনা বা ফাইন্যান্সে ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৮. | জিওলজিষ্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব বা মৃত্তিকাবিজ্ঞানে ৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৯. | সহকারী লাইব্রেরীয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ক্যাটালগার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্সে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতকসহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা। |
| ২০. | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১৫% পদ পদোন্নতির মাধ্যমে;<br>৮৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সার্ভেয়ার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী বা ওয়ার্ক-সুপারভাইজার পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরী বা ড্রাফটস্‌ম্যান পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ৪(চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১৫% পদ পদোন্নতির মাধ্যমে;<br><br>৮৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br><br>পরিবহন কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী অথবা ফোরম্যান পদে ৮(আট) বৎসরের চাকুরী বা হেড মেকানিক বা হেড মেশিনিষ্ট বা সহকারী ফোরম্যান হিসাবে ১০(দশ) বৎসরের চাকুরী।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br><br>কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেকানিক্যাল বা পাওয়ার বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ৪(চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ২২. | সিনিয়র সিকিউরিটি অফিসার | - | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br><br>সিকিউরিটি অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ২৩. | প্রশাসনিক অফিসার | - | ৫০% পদ সিলেকশন গ্রেড ষ্টেনোগ্রাফার এবং ৫০% পদ প্রধান সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br><br>সিলেকশন গ্রেড ষ্টেনোগ্রাফার বা প্রধান সহকারী পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ২৪. | কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর<br><br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫. | সিকিউরিটি অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ৬৬.৬৭% পদ পদোন্নতির মাধ্যমে;<br>৩৩.৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী সিকিউরিটি অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক (সম্মান) ডিগ্রীসহ নিম্নবর্ণিত প্রশিক্ষণসমূহ থাকিতে হইবে, যথাঃ—<br>(ক) National Security Intelligence (NSI) ট্রেনিং স্কুল হইতে জুনিয়র অফিসার্স কাউন্টার সাবোটার্স কোর্স; অথবা<br>(খ) Bangladesh Fire Service and Civil Defence Academy হইতে—<br>(অ) অফিসার্স কোর্স অপারেশন কন্ট্রোল প্রশিক্ষণ; অথবা<br>(আ) রেসকিউ বিষয়ে স্পেশালিষ্ট ইনস্ট্রাক্টর কোর্স; অথবা<br>(ই) ক্যাজুয়ালটি বা ওয়ার্ডেন বা কল্যাণ এ স্পেশালিষ্ট ইন্সট্রাকটর্স কোর্স; অথবা<br>(ঈ) বহনযোগ্য রাসায়নিক অগ্নিনির্বাপক কোর্স। |
| ২৬. | বিভাগীয় হিসাব রক্ষক | - | প্রেষণে বদলীর মাধ্যমে। | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সি,এ,জি) কর্তৃক সমপদমর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ২৭. | ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ২৮. | সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী বা হিসাব সহকারী পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯. | গবেষণা সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান অথবা অর্থনীতিতে স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| ৩০. | পরিবহন কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী পরিবহন কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>সড়ক নির্মাণ সংক্রান্ত কাজে অন্যূন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেকানিক্যাল বা পাওয়ার বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। |
| ৩১. | আরবরিকালচার সেকশনাল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে কৃষিতে ৩(তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ৩২. | হারবরিয়াম এ্যাসিস্ট্যান্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যা বা সিষ্টেমেটিক উদ্ভিদবিদ্যায় ২য় শ্রেণীর স্নাতক অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৩৩. | সহকারী গবেষণা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। |
| ৩৪. | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৫. | ফোরম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী ফোরম্যান বা হেড মেকানিক বা হেড মেশিনিষ্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৬. | হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৭. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৬৬.৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>৩৩.৩৩% পদ পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>Stenographers and Stenotypist (Ministries, Division and attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। |
| ৩৮. | সহকারী সিকিউরিটি অফিসার | - | পদোন্নতির মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সিকিউরিটি সুপারভাইজার পদে অন্যূন ৬(ছয়) বৎসরের চাকুরী। |
| ৩৯. | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ডিপ্লোমা ইন সার্ভে টেকনোলজি পাশ। |
| ৪০. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | Stenographers and Stenotypist (Ministries, Division and attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। |
| ৪১. | সিনিয়র একাউন্টস ক্লার্ক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | প্রেষণে বদলীর মাধ্যমে (বদলীযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে)। | **প্রেষণে বদলীর ক্ষেত্রেঃ**<br>কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সি,এ,জি) কর্তৃক সমমর্যাদার কোন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৪২. | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর বা জবক্লার্ক পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৩. | হিসাব সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর বা জবক্লার্ক বা ক্যাশিয়ার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৪৪. | ষ্টোর-কিপার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর অথবা কষ্টিং এনালাইসিস অফিসার বা জবক্লার্ক বা সহকারী ষ্টোর কিপার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৪৫. | সহকারী পরিবহন কর্মকর্তা | - | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ৭(সাত) বৎসরের অভিজ্ঞতাসহ ভারী গাড়ী চালক পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা সড়ক নির্মাণ ও যানবাহন যন্ত্রপাতি চালনায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪৬. | সহকারী ফোরম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | মেকানিক বা ইলেকট্রিশিয়ান বা ওয়েল্ডার বা ব্লাকস্মিথ বা টায়ারম্যান বা পেইন্টার বা কার্পেন্টার বা ফিটার বা আপ-হোলষ্টার রিপিয়ারার বা মেশিনিষ্ট পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৪৭. | হেড মেশিনিষ্ট | - | পদোন্নতির মাধ্যমে। | মেশিনিষ্ট পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৪৮. | হেড মেকানিক | - | পদোন্নতির মাধ্যমে। | মেকানিক পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৯. | ওয়ার্কসুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে। | ওয়ার্ক এ্যাসিষ্ট্যান্ট পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৫০. | ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ট্রেসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে ২(দুই) বৎসর মেয়াদী পেশাদারী সার্টিফিকেট কোর্সসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫১. | সিকিউরিটি সুপারভাইজার | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ৬৬.৬৭% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৩৩.৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) হেড গার্ড (সিকিউরিটি) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>(গ) Bangladesh Fire Service and Civil Defence Academy হইতে যেকোন অফিসার্স বা অগ্নিনির্বাপণ সম্পর্কিত প্রশিক্ষণ কোর্স। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫২. | ভারী গাড়ী চালক | - | পদোন্নতির মাধ্যমে। | ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সসহ ড্রাইভার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫৩. | হেড মোল্ডার | - | পদোন্নতির মাধ্যমে। | মোল্ডার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫৪. | ইঞ্জিন ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৫০% পদ সরাসরি নিয়োগ। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>বৈধ মেরিন লাইসেন্সসহ গ্রীজার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী অথবা সুকানী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী অথবা ফেরী খালাসী পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সসমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৫৫. | সারেং | অনূর্ধ্ব ৩০ বৎসর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>বৈধ লাইসেন্সসহ সুকানী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী বা গ্রীজার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) বৈধ লাইসেন্সসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের বেলায় অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৬. | টায়ারম্যান | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ৫৭. | রিগ অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৪০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>রিগ হেলপার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সসমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৫৮. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ২০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং গ্রেড-১৭ পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী বা গ্রেড-১৮ পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী বা গ্রেড-১৯ পদে অন্যূন ৯(নয়) বৎসরের চাকুরী বা গ্রেড-২০ পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরীসহ কম্পিউটার সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৯. | জব ক্লার্ক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ২০% পদ পদোন্নতির মাধ্যমে<br>৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে<br>পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং গ্রেড-১৭ পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী বা গ্রেড-১৮ পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী বা গ্রেড-১৯ বেতনভুক্ত পদে অন্যূন ৯(নয়) বৎসরের চাকুরী বা গ্রেড-২০ পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরীসহ কম্পিউটার সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৬০. | ওয়ার্ক এ্যাসিস্ট্যান্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ২০% পদ পদোন্নতির মাধ্যমে<br>৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে<br>পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং গ্রেড-১৭ পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী, বা গ্রেড-১৮ পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী বা গ্রেড-১৯ পদে অন্যূন ৯(নয়) বৎসরের চাকুরী বা গ্রেড-২০ অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬১. | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬২. | সহকারী স্টোর-কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৩০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>এম,এল,এস,এস পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৬৩. | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৪. | কস্টিং এনালাইসিস অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৫. | ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৩০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হালকা যানবাহন চালনায় বৈধ লাইসেন্সসহ হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) হালকা যানবাহন চালনার বৈধ লাইসেন্সসহ গাড়ী চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৬৬. | মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী মেকানিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬৭. | মেশিনিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী মেশিনিস্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৮. | মোল্‌ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১৫% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৮৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী মোল্‌ডার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬৯. | কার্পেন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১৫% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৮৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী কার্পেন্টার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে ২(দুই) বৎসর মেয়াদী কার্পেন্ট্রিতে ট্রেড সনদসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭০. | পাম্প চালক ( পাম্প ডাইভার) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পেশাগত ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭১. | ইলেকট্রিশিয়ান | - | ৩৩% পদ পদোন্নতি মাধ্যমে।<br>৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী ইলেকট্রিশিয়ান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পেশাগত ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭২. | ওয়েল্ডার | - | ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী ওয়েল্ডার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পেশাগত ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭৩. | ফিটার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৭৪. | ভলকানাইজার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৭৫. | ম্যাশন | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পেশাগত ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭৬. | পেইন্টার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৭. | ব্লাক-স্মীথ | - | ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সহকারী ব্লাক-স্মীথ পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭৮. | আপহোলস্টার রিপিয়ারার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৭৯. | ড্রিলার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ড্রিলিং কাজের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮০. | টিন স্মীথ | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৮১. | টুলরুম এ্যাটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৮২. | হেড গার্ড (সিকিউরিটি) | - | পদোন্নতির মাধ্যমে। | নিরাপত্তা প্রহরী (সিকিউরিটি গার্ড) পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরী। |
| ৮৩. | সহকারী মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৫০% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পেশাগত ট্রেড কোর্স সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট মেকানিক্যাল কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮৪. | সহকারী মেশিনিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর। | পদোন্নতি মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>মেশিনসপ কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৫. | সহকারী মোল্ডার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮৬. | সহকারী ইলেকট্রিসিয়ান | - | পদোন্নতির মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে পেশাগত ট্রেড সার্টিফিকেটসহ হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮৭. | সহকারী ব্লাকস্মীথ | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৮৮. | সুকানী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৮০% পদ পদোন্নতির মাধ্যমে। ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মেরিন লাইসেন্সসহ ফেরী খালাসী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>মেরিন লাইসেন্সসহ কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৯. | টাইম-কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯০. | ল্যাবরেটরী সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯১. | সহকারী কার্পেন্টার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯২. | ক্যাশ সরকার | - | পদোন্নতির মাধ্যমে। | ব্লু-প্রিন্টার বা অফিস সহায়ক (দপ্তরী) পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরী। |
| ৯৩. | সহকারী ওয়েল্ডার | - | পদোন্নতির মাধ্যমে। | হেলপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯৪. | বিটুমিন মিস্ত্রী | - | পদোন্নতির মাধ্যমে। | সড়ক শ্রমিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯৫. | হেড মালী | - | পদোন্নতির মাধ্যমে। | মালী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯৬. | ব্লু-প্রিন্টার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক (এম,এল,এস,এস) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯৭. | অফিস সহায়ক (দপ্তরী) | | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক (এম,এল,এস,এস) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯৮. | গ্রীজার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ৬৭% পদ পদোন্নতির মাধ্যমে।<br>৩৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ফেরী খালাসী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯৯. | রিগ হেলপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০০. | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০১. | ফেরী খালাসী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০২. | অফিস সহায়ক (এল.এল. এস.এস) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০৩. | নিরাপত্তা প্রহরী (চৌকিদার) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৪. | নিরাপত্তা প্রহরী (ক্যাম্প গার্ড) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৫. | নিরাপত্তা প্রহরী ( গার্ড) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৬. | স্টক গার্ড | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৭. | নিরাপত্তা প্রহরী (সিকিউরিটি গার্ড) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ১। (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সামরিক ও আধা-সামরিক বাহিনী, পুলিশ ও আনসার বাহিনী এবং বি.জি.বি এর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।<br>২। স্বাস্থ্যগত যোগ্যতাঃ-<br>(ক) উচ্চতা-১৬২ মিটার (৫´-৪´´)<br>(খ) ওজন-১১০ পাউন্ড<br>(গ) বুকের মাপ-০.৭৬ থেকে ০.৮১ মিটার (৩০´´-৩২´´) |
| ১০৮. | হেলপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৯. | ম্যাশন হেলপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১০. | চেইনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১১. | সড়ক শ্রমিক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন প্রাইমারী স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১২. | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন প্রাইমারী স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd